ভোরের কাগজ
তারিখ FEB. 8 1999
পৃঃ ৮ কলাম ২

# ২০০৬ সালের মধ্যে প্রত্যেক গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপনের কাজ শুরু হয়েছে

কাগজ প্রতিবেদক : শিক্ষা প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায় বলেছেন, ২০০৬ সাল নাগাদ দেশের প্রতিটি গ্রামে প্রয়োজনের নিরিখে প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা রয়েছে সরকারের। তিনি জানান, এ লক্ষ্যে ইতিমধ্যেই কাজ শুরু হয়েছে। বিএনপি সাংসদ আ ন ম এহছানুল হকের (মিলন) এক লিখিত প্রশ্নের জবাবে তিনি গতকাল রোববার জাতীয় সংসদে এ কথা জানান।

আওয়ামী লীগ সাংসদ আবদুল লতিফ মির্জার এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানিয়েছেন, দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক ও কর্মচারীদের মূল বেতনের ৮০ শতাংশ প্রতিমাসের প্রথম সপ্তাহে প্রদানের বিষয়ে সরকার সচেষ্ট রয়েছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষক ও কর্মচারীদের বেতনভাতার সরকারি অংশ প্রতিমাসের ১০ তারিখের মধ্যে প্রদানের জন্য সংশ্লিষ্ট ব্যাংকগুলোকে অনুরোধ জানানো হয়েছে।

**বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান পুনর্বাসন**

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক জানিয়েছেন, গত বছরের ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর তাৎক্ষণিক মেরামত ও সংস্কারের লক্ষ্যে সরকারের নিজস্ব অর্থে এবং এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় গৃহীত দুটি প্রকল্পের বিপরীতে ৮২ কোটি ৪৩ লাখ ৭৫ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এই বরাদ্দের মধ্যে গত ২৫ জানুয়ারি পর্যন্ত ২৫টি জেলায় ৩৪ কোটি ১৪ লাখ ৭৮ হাজার টাকার বরাদ্দপত্র জারি করা হয়েছে। আওয়ামী লীগ সাংসদ মাস্টার মজিবুর রহমানের এক প্রশ্নের জবাবে গতকাল রোববার জাতীয় সংসদে মন্ত্রী এ তথ্য জানান।

**প্রটোকল**

মন্ত্রিপরিষদ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী এ এস এইচ কে সাদেক জানিয়েছেন, ১৯৬১ সালের কূটনৈতিক সম্পর্কবিষয়ক ভিয়েনা কনভেনশনের রীতিমালার আলোকে প্রণীত রাষ্ট্রীয় প্রটোকল রীতিমালা বর্তমানে দেশে চালু আছে। আওয়ামী লীগ সাংসদ হাজী মোঃ সেলিমের এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান।

**শিক্ষার জন্য খাদ্য**

শিক্ষা প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায় জানিয়েছেন, কয়েকটি কারণে বেশকিছু প্রাইমারি স্কুলে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচি বন্ধ করা হয়েছে। যেসব স্কুল 'ডি' ক্যাটাগরির অথবা মোট ছাত্রছাত্রীর ১০ শতাংশের কম প্রাথমিক বৃত্তি পরীক্ষা দিয়েছে অথবা ছাত্রছাত্রীদের উপস্থিতির হার ৮৫ শতাংশের কম তালিকায় সেসব স্কুল রয়েছে। আওয়ামী লীগ সাংসদ তাজুল ইসলাম চৌধুরী ও আবদুর রউফ চৌধুরী এবং বিএনপি সাংসদ সারোয়ার জামাল নিজাম ও আবুল কালাম আজাদ সিদ্দিকীর পৃথক পৃথক সম্পূরক প্রশ্নের উত্তরে তিনি এ তথ্য জানান।

**বেসরকারি প্রাথমিক বিদ্যালয়**

শিক্ষা প্রতিমন্ত্রী জানিয়েছেন, দেশে ১৯ হাজার ৬৮৪টি রেজিস্টার্ড ও ৩ হাজার ৪৭২টি নন রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ১ হাজার ৯৬২টি কমিউনিটি বিদ্যালয় রয়েছে। আওয়ামী লীগ সাংসদ উকিল আবদুস সাত্তারের এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। বিএনপি সাংসদ এ কে এম হাফিজুর রহমানের এক প্রশ্নের জবাবে শিক্ষা প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায় জানিয়েছেন, ১৯৯৭ সালের শিশু জরিপ অনুসারে শিক্ষার হার ৫১ দশমিক শূন্য এক শতাংশ। বর্তমানে প্রাক্কলিত হার ৫৬ শতাংশ। শিক্ষার হার বাড়ানোর জন্য সরকারের পরিকল্পনা বাস্তবায়নাধীন আছে। বিএনপি সাংসদ মোঃ নূরুল আমীন তালুকদারের এক প্রশ্নের জবাবে জানিয়েছেন, চলতি বছর ১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীদের জন্য ১৭ কোটি ৭১ লাখ ৬৪ হাজার ৭৬৫ টাকার বই মুদ্রণ করা হয়েছে। বইয়ের সংখ্যা ৫ কোটি ৫৪ লাখ ৭৯ হাজার ৬১৩ কপি।